রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
ঢাকা।

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-৩২৪-আইন/২০১৯/৮৬-মূসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ১৬ এর—

(১) উপ-বিধি (২) এর—

(ক) দফা (ঙ) এর প্রান্তস্থিত "বা" শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (চ) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (ছ) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে "; বা" চিহ্ন ও শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথা:—

"(জ) মূসক এজেন্ট হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে অনাবাসিক ব্যক্তি কর্তৃক প্রাথমিকভাবে সম্মতি লাভ করিয়াছে এমন কোনো বাংলাদেশে নিবন্ধিত স্বনামধন্য পরামর্শক প্রতিষ্ঠান বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম বা আইন পরামর্শক প্রতিষ্ঠান।";

(২) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনপত্র যাচাই-আন্তে উক্ত আবেদনে প্রদত্ত তথ্য যথাযথ প্রাপ্তি সাপেক্ষে বোর্ড কর্তৃক নির্ধারিত সিলেবাস অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করিয়া বিধি ১০৯ এর অনুরূপ পদ্ধতি অনুসরণপূর্বক আবেদনকারীকে ফরম "মূসক-৩.২" এ অনন্য (Unique) নম্বর সংবলিত ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য কার্যকরি ও নবায়নযোগ্য একটি "মূসক এজেন্ট সনদপত্র" প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (২) এর দফা (জ) এর ক্ষেত্রে পরীক্ষা গ্রহণ ব্যতীত বিধি ১০৯ এ বর্ণিত অন্যান্য পদ্ধতি অনুসরণপূর্বক আবেদন যথাযথ প্রাপ্তি সাপেক্ষে "মূসক এজেন্ট সনদপত্র" প্রদান করা যাইবে:

আরও শর্ত থাকে যে, উক্তরূপ সনদপত্র প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে অনাবাসিক ব্যক্তি কর্তৃক উক্ত প্রতিষ্ঠানকে চূড়ান্তভাবে মূসক এজেন্ট নিয়োগ এর প্রমাণক মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি ও জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিতে হইবে, অন্যথায় উক্ত সনদপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ড. আব্দুল মান্নান শিকদার**
সদস্য (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd